



ফাইন্যান্সিয়াল ইনকুশন ডিপার্টমেন্ট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

[www.bb.org.bd](http://www.bb.org.bd)

এফআইডি সার্কুলার লেটার নং : ০২

তারিখঃ ২৬ জানুয়ারি ২০১৬  
১৩ মাঘ ১৪২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

স্কুল ব্যাংকিং নীতিমালার আওতায় ০৬ (ছয়) বছরের কমবয়সী শিক্ষার্থীদের ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে।

২৮ অক্টোবর ২০১৩ তারিখের জিবিসিএসআরডি সার্কুলার নং-০৭ এবং ২৭ সেপ্টেম্বর ২০১৫ তারিখের এফআইডি সার্কুলার নং-০৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

বিদ্যমান স্কুল ব্যাংকিং নীতিমালার ০১ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী ০৬ (ছয়) থেকে ১৮ (আঠারো) বছরের কম বয়স্ক শিক্ষার্থীরা স্কুল ব্যাংকিং এর আওতায় হিসাব খুলতে পারে। স্কুল ব্যাংকিং কার্যক্রমকে অধিকতর বিস্তৃতকরণের উদ্দেশ্যে এখন থেকে ০৬ (ছয়) বছরের কমবয়সী শিক্ষার্থীদের নামেও স্কুল ব্যাংকিং হিসাব খোলা যাবে।

এতদসংক্রান্ত উপরোল্লিখিত সার্কুলারদ্বয়ের অপরাপর নির্দেশনাগুলো অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

(নূরুন নাহার)

মহাব্যবস্থাপক

ফোন নং : ৯৫৩০৩৪৩